

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪০.০৭.১৩২.২৩ নথির বিষয়: Yearly three times cleaning of overhead and reservoir tank of Asadgate, Dhanmondi, Asad avenue, shamoli barabo officers & staff quarter.

নোট: ১ নোটের বিষয়: Yearly three times cleaning of overhead and reservoir tank of Asadgate, Dhanmondi, Asad avenue, shamoli barabo officers & staff quarter.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/৭/২৩ ১:৩৪ অপরাহ্ন





উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডুস জোন-০২ এবং ০৩ এর আওতাধীন আসাদ গেট, ধানমন্ডি, আসাদ এ্যাভিনিউ, শ্যামলী বারাবো, বাবর রোড, সলিমুল্লাহরোড, ধানমন্ডি ১ নং রোড, চাঁদনীঘাট, আজিমপুর এবং ঢাকেশ্বরী অফিসার্স ও স্টাফ কোয়ার্টার এর ভূ-গর্ভস্থ জলাধার ও ওভারহেড ট্যাংক প্রতি বছর ৪ মাস অন্তর অন্তর নিয়মিত পরিষ্কার করা হয়। তারই ধারাবাহিকতার অংশ হিসেবে মডুস জোন-০২ এবং ০৩ এর আওতাধীন সমস্ত অফিসার্স ও স্টাফ কোয়ার্টার এর ভূ-গর্ভস্থ জলাধার ও ওভারহেড ট্যাংক পরিষ্কার করা প্রয়োজন। কোয়ার্টার এর ছাদের উপরে, সানসেডে জন্মানো আগাছা কাটা ও ছাদের উপরে জমে থাকা ময়লা পরিষ্কার করণ ও অপসারণ করা প্রয়োজন। তাছাড়া বিভিন্ন অফিসার্স এবং স্টাফ কোয়ার্টারের ব্যবহৃত গেইট ভান্স দীর্ঘদিনের পুরাতন হওয়ায় নষ্ট হয়ে পানি লিকেজ হচ্ছে। গেইট ভান্স পরিবর্তন করে নতুন গেইট ভান্স লাগানো প্রয়োজন। কাজ চলাকালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএম ডব্লিউ সি সার্কেল কে পরিদর্শন করানো হবে এবং সন্তোষজনক পরিদর্শনান্তে কাজটি চূড়ান্ত করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/৭/২৩ ১:৩৮ অপরাহ্ন

উপরোক্ত কাজটি করার জন্য পিডব্লিউডি-২০২২ রেইট সিডিউল ও অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রণয়ন করা হয়েছে। যাতে ব্যয় এসেছে ৬.২,৯৯,৩৯৬/- (দুই লক্ষ নিরানব্বই হাজার তিনশত ছিয়ানব্বই) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৩-২০২৪ ইং অর্থ-বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় “আবাসিক দালান রক্ষণাবেক্ষণ” খাতের আইটেম নং-৪৯ হতে নির্বাহ করা হবে। পি.পি.আর-২০০৮ এর বিধি ৭৬(১) (ট) ধারা অনুযায়ী “সরাসরি চুক্তির” আওতায় “আমির কন্সট্রাকশন” এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।



অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/৭/২৩ ১:৩৯ অপরাহ্ন

এমতাবস্থায়, Yearly three times cleaning of overhead and reservoir tank of Asadgate, Dhanmondi, Asad avenue, shamoli barabo officers & staff quarter. কাজটি পিপি আর ২০০৮ এর ৭৬(১) (ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় “আমির কন্সট্রাকশন” এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট ৬.২,৯৯,৩৯৬/- (দুই লক্ষ নিরানব্বই হাজার তিনশত ছিয়ানব্বই) টাকা মাত্র সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
২৫/৭/২৩ ১:৪০ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	২৫/৭/২৩ ১:৪৮ অপরাহ্ন রাহাত উন নবী সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	২৫/৭/২৩ ২:৪০ অপরাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	২৫/৭/২৩ ২:৪০ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৫/৭/২৩ ৪:২৫ অপরাহ্ন

Approved.

		
২৫/৭/২৩ ৪:২৫ অপরাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব) এস এম ডব্লিউ সি সার্কেল	২৬/৭/২৩ ১১:১৮ পূর্বাহ্ন মুক্তা সাহা নির্বাহী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ	২৬/৭/২৩ ১১:১৮ পূর্বাহ্ন মোঃ ইকবাল আহমেদ মজুমদার উপ-সহকারী প্রকৌশলী সিভিল রক্ষণাবেক্ষণ বিভাগ